বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

পবিস নির্দেশিকা ১০০-৭৪

# পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের মধ্যে আদান-প্রদানকৃত মালামালের হিসাব সমন্বয় নীতিমালা

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
পবিস নির্দেশিকা ১০০-৭৪

অনুমোদনের তারিখঃ ১৯/০২/২০২০ খ্রিঃ
সংশোধনের তারিখঃ -

বিষয়ঃ পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের মধ্যে আদান-প্রদানকৃত মালামালের হিসাব সমন্বয় নীতিমালা।

**১.০০॥ উদ্দেশ্যঃ**

কাজের স্বার্থে এক পবিস হতে অন্য পবিসে প্রায়ই মালামাল আদান-প্রদান করা হয়ে থাকে। আন্তঃপবিস স্থানান্তরিত এরূপ মালামালের মূল্য যথাসময়ে সমন্বয় এর লক্ষ্যে লেনদেনকৃত মালামালের মূল্য সুচারুরূপে সমন্বয়করণের নিমিত্ত এই নীতিমালা অনুসৃত হবে।

**২.০০॥ সাধারণঃ**

বাপবিবোর্ড কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন বা জনস্বার্থে জরুরী লাইন নির্মানের প্রয়োজনে এক পবিস হতে অন্য পবিসে এমপিএসএস পরিদপ্তর মালামাল বরাদ্দ করে থাকে। এ ছাড়া বিশেষ প্রয়োজনে পবিসসমূহ বাপবিবো কর্তৃক বরাদ্দ ব্যতীতও নিজেদের মধ্যে মালামল আদান প্রদান করে। কিন্তু অনেক ক্ষেত্রেই মালামাল গ্রহণকারী পবিস এর আর্থিক সামর্থ না থাকার কারণে যথসময়ে মালামালের মূল্য পরিশোধ করা সম্ভব হয় না। এ ক্ষেত্রে একটি নীতিমালার আওতায় নগদ মূল্য ছাড়াও যথক্রমে ডেবিড/ক্রেডিট মেমো প্রদানের মাধ্যমে আদানপ্রদানকৃত মালামালের মূল্য সমন্বয়ের জন্য এ নীতিমালা সহায়ক হবে।

**৩.০০॥ পলিসিঃ**

**৩.০১॥ বাপবিবো কর্তৃক বরাদ্দের বিপরীতে আন্তঃপবিস মালামাল স্থানান্তরের ক্ষেত্রে প্রয়োজ্যঃ**



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant. TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant.TAPP. BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP. BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

(১) বাপবিবো কর্তৃক এক পবিস হতে অন্য পবিসে মালামাল বরাদ্দ প্রদান করা হলে প্রদানকারী পবিস মালামাল ইস্যুর সময় প্রস্তুতকৃত ইস্যু ভাউচারে প্রদানকৃত সকল আইটেমের মালামালের একক মূল্য ও মোট মূল্য উল্লেখ করবে।

(২) ইস্যু ভাউচারে মূল্য উল্লেখের ক্ষেত্রে ইস্যুকৃত মালামাল কোন চলমান প্রকল্পের মালামল হলে সংশ্লিষ্ট প্রকল্পের মালামালের মূল্য এবং চলমান প্রকল্পের মালামাল ব্যতীত অন্যান্য মালামালের ক্ষেত্রে মালামাল আদান-প্রদানের সময় প্রদানকারী পবিস এর লেজারে প্রদর্শিত মূল্য (CPR- Continual Property Record) বিবেচনা করতে হবে। এরূপ পদ্ধতিতে নির্ধারিত মূল্যই মালামালের প্রকৃত মূল্য হিসেবে বিবেচিত হবে।

(৩) মালামাল প্রদানকরী পবিস কর্তৃক ইস্যুকৃত মালামালসমূহ গ্রহণকারী পবিস কর্তৃক যথাযথভাবে প্রপ্তি রশিদ প্রস্তুতের মাধ্যমে মালামলসমূহ গ্রহণ করবে।

(৪) গ্রহণকারী পবিস কর্তৃক প্রাপ্তি রশিদ প্রস্তুতের পর প্রদানকারী পবিস বাপবিবো কর্তৃক বরাদ্দের অনুলিপি, প্রদানকারী পবিস কর্তৃক প্রস্তুতকৃত ইস্যু ভাউচার এবং গ্রহণকারী পবিস কর্তৃক প্রস্তুতকৃত প্রাপ্তি রশিদ এর অনুলিপি একত্রিত করে মূল্য সমন্বয়ের জন্য বাপবিবো এর হিসাব পরিদপ্তরের সাধারণ হিসাব শাখায় প্রেরণ করবে।

(৫) হিসাব পরিদপ্তরের সাধারণ হিসাব শাখা বরাদ্দপত্র ও এর বিপরীতে যথাক্রমে প্রস্তুতকৃত ইস্যু ভাউচার ও প্রাপ্তি রশিদ পরীক্ষা পূর্বক মালামাল প্রদানকারী পবিস কর্তৃক প্রস্তুতকৃত ইস্যু ভাউচারে উল্লিখিত মালামালের মূল্যের সমপরিমান অর্থের ক্রেডিট মেমো প্রদানকারী পবিসকে এবং সমপরিমান অর্থের ডেবিট মেমো গ্রহণকারী পবিসকে প্রদান করতঃ আন্তঃপবিস আদান-প্রদানকৃত মালামালের মূল্য সমন্বয় করবে।

(৬) হিসাব পরিদপ্তর ক্রেডিট মেমো ও ডেবিট মেমো এর মাধ্যমে সমন্বয়ের তথ্যাদি বাপবিবোর্ডের পবিস ঋণ ও বাজেট পরিদপ্তরকে অবহিত করবে।

**৩.০২॥ বাপবিবো কর্তৃক বরাদ্দ ব্যতীত পারস্পরিক সম্মতির মাধ্যমে আন্তঃপবিস মালামাল স্থানান্তরের ক্ষেত্রে প্রযোজ্যঃ**



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Molliky)
Asst. Secy. (Board), BREB

(১) বাপবিবো কর্তৃক বরাদ্দ ব্যতীত পবিসসমূহ পারস্পরিক সম্মতির মাধ্যমে আন্তঃপবিস মালামাল লেনদেন করলে গ্রহণকারী পবিস মালামালের নগদে পরিশোধ করবে। মালামাল মূল্য নির্ধারণের ক্ষেত্রে প্রদানকারী পবিস এর লেজারে প্রদর্শিত মূল্যই (CPR) মালামালের প্রকৃত মূল্য হিসেবে বিবেচিত হবে। প্রদানকারী পবিস কর্তৃক প্রস্তুতকৃত ইস্যু ভাউচারে প্রদানকৃত সকল আইটেমের মালামালের একক মূল্য ও মোট মূল্য উল্লেখ করবে।

(২) যদি কোন পবিস এর নগদে মালামালের মূল্য পরিশোধের আর্থিক সামর্থ না থাকে সে সকল পবিস মালামালের মূল্য "ডেফার্ড ক্রেডিট" খাতে হিসাবভূক্ত করবে। অনুরূপভাবে মালামাল প্রদানকারী পবিস স্থানান্তরিত মালামালের মূল্য "ডেফার্ড ডেবিট" খাতে হিসাবভূক্ত করবে।

(৩) নগদ পরিশোধে সামর্থহীন পবিসসমূহ সর্বোচ্চ/ অনধিক ০৩(তিন) বৎসরের মধ্যে মালামালের মূল্য পরিশোধ করতঃ "ডেফার্ড হিসাব খাত" সমন্বয়ের যথাযথ কার্যব্যবস্থা গ্রহণ করবে।

(৪) মালামাল আদান-প্রদানের তারিখ হতে "ডেফার্ড হিসাব খাত" সমন্বয়/নিষ্পত্তির তারিখ পর্যন্ত সময়ের জন্য মালামাল গ্রহণকারী পবিস মালামাল প্রদানকারী পবিসকে গৃহীত মালামালের মূল্যের উপর বাৎসরিক ৩% হারে সুদ প্রদান করবে।

(৫) ০৩(তিন) বৎসর সমসীমার মধ্যে মালামাল গ্রহণকারী পবিস মালামালের মূল্য পরিশোধে ব্যর্থ হলে গ্রহণকারী পবিস ব্যর্থতার কারণ বাপবিবো এর যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করবে এবং একইভাবে মালামাল প্রদানকারী পবিসও মালামাল গ্রহণকারী পবিস এর নিকট পাওনা অর্থের বিষয়ে অবহিত করবে। পরবর্তীতে বিষয়টি পর্যালোচনা পূর্বক বাপবিবো কর্তৃক পরবর্তী সিদ্ধান্ত প্রদান করা হবে।



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB